



গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পায়রা বন্দর কর্তৃপক্ষ
মেরিন এন্ড কনজারভেন্সি
www.ppa.gov.bd
কলাপাড়া, পটুয়াখালী



স্মারক নং-১৮.২১.৭৮৬৬.০১৩.১১.০০৩.২২/৭৪

তারিখ: ১৮/০৭/২০২২ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

পায়রা বন্দর কর্তৃপক্ষে আগত জাহাজসমূহে পাইলটেজ সেবা প্রদানের জন্য এক জন Senior Individual Consultant (Pilot) হিসেবে অস্থায়ীভাবে নিম্নলিখিত পদে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে মৌখিক পরীক্ষা গ্রহণের নিমিত্ত পূর্ণাঙ্গ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন	যোগ্যতা
০১	Senior Individual Consultant (Pilot)	০১ (এক) টি	১২৫,০০০/- টাকা (ভ্যাট ও ট্যাক্সসহ)	১। কমপক্ষে ক্লাস- ১ (ডেক) সনদধারী। ২। বিদেশগামী জাহাজে কমপক্ষে ১৫ (পনের) বছর চাকুরীর অভিজ্ঞতা যার মধ্যে চীফ অফিসার হিসেবে কমপক্ষে ০১ (এক) বছরের চাকরির বাস্তব অভিজ্ঞতা।

নিয়োগের শর্তাবলী:

- উল্লিখিত পদে আবেদন করতে আগ্রহী প্রার্থীদেরকে আবেদনপত্রের সাথে বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদ, জাতীয়তা/নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতা সনদ প্রভৃতির মূল সনদ ও ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপিসহ আগামী ০২/০৮/২০২২খ্রি. তারিখে সকাল ১০ ঘটিকায় পায়রা বন্দর কর্তৃপক্ষ, ঢাকা লিয়াজেঁ অফিস: আল-আমিন মিলেনিয়াম টাওয়ার (লেভেল-৭), ৭৫-৭৬ কাকরাইল, ঢাকা-১০০০, মৌখিক পরীক্ষায় (Walk In Interview) উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।
- বিএমডিসি রেজিস্ট্রেশনধারী ডাক্তার হতে শারীরিক যোগ্যতার প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান কর হবে না।
- প্রার্থী কর্তৃক প্রদত্ত আবেদনপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য নয়।
- প্রার্থী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- এ বিজ্ঞপ্তির আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- এই বিজ্ঞপ্তিটি পায়রা বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইট (www.ppa.gov.bd) এ পাওয়া যাবে।

(ক্যাপ্টেন এস. এম. শরিফুর রহমান)
হারবার মাস্টার
পায়রা বন্দর কর্তৃপক্ষ